

জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হচ্ছে না

শরিফুজ্জামান পিটু

শে ষ পর্যন্ত দেশের সর্ববৃহৎ জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হচ্ছে না। বর্তমান সরকার নীতিগতভাবে কোন পোস্ট গ্রাজুয়েট কলেজকেই বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত না করার সিদ্ধান্ত নিয়েছে। অন্যদিকে বিএনপি সরকার কোন অধ্যাদেশ জারি ছাড়াই প্রকাশ্যে বিশ্ববিদ্যালয় হিসাবে পলিটিক্যাল ঘোষণা দেয়ায় জগন্নাথ কলেজটি দিন দিন জটিল পরিস্থিতির সম্মুখীন হচ্ছে।

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া প্রায় তিন বছর আগে এক বর্ণাঢ্য ও জীকর্জমকপূর্ণ অনুষ্ঠানে জগন্নাথ কলেজকে বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণা দেন। তাঁর এ ঘোষণার পর থেকে কলেজটি অনেকটা বিশ্ববিদ্যালয় স্টাইলে চলছে। কলেজের কাগজপত্রে লেখা হচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় অধ্যক্ষের পরিবর্তে ভাইস চ্যান্সেলর লেখা হচ্ছে কোথাও কোথাও। ঘোষণার পরপরই কলেজ থেকে ডিগ্রী পাসকোর্স উঠিয়ে দেয়া হয়েছে। এর আগে ইন্টারমিডিয়েটে ছাত্র ভর্তি বন্ধ করা হয়। এখন কেবল বিশ্ববিদ্যালয়ের মতো এ কলেজে অনার্স, প্রিলিমিনারি ও মাস্টার্সে ছাত্র ভর্তি করা হচ্ছে। কলেজের শিক্ষার্থীরা নিজেদের কখনও কলেজের ছাত্র কখনও বিশ্ববিদ্যালয়ের ছাত্র মনে করছে। শিক্ষকদের অনুভূতিও অনুরূপ। কলেজের প্রায় ৩০ হাজার শিক্ষার্থী ও সাড়ে তিন শ' শিক্ষক চরম দোটাণায় ভুগছেন। নিজ নিজ পরিচয় দিতে গিয়ে তীরা-বিত্তকর অবস্থায় পড়ছেন।

সূত্র জানায়, বর্তমান সরকার বিজ্ঞান ও প্রযুক্তির ওপর জোর দিয়ে দেশে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজে হাত দিয়েছে। এসব বিশ্ববিদ্যালয়ের সাইট সিলেকশনের কাজ চলছে। বিএনপি সরকারের আমলে প্রাচীন ও ঐতিহ্যবাহী পোস্ট গ্রাজুয়েট কলেজকে সাধারণ বিশ্ববিদ্যালয় হিসাবে রূপান্তরিত করার সিদ্ধান্ত বর্তমান সরকার বাস্তবায়ন করবে না।

বর্তমান পরিস্থিতিতে সরকার জগন্নাথ কলেজটিকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করবে কি না—এ প্রশ্নের জবাবে শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, বর্তমান সরকার নীতিগতভাবে কোন পোস্ট গ্রাজুয়েট কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত না করার সিদ্ধান্ত নিয়েছে। কারণ জগন্নাথ কলেজকে বিশ্ববিদ্যালয় করলে সমমানের আরও বেশ কয়েকটি ঐতিহ্যবাহী ও প্রাচীন সরকারী কলেজকে বিশ্ববিদ্যালয় করতে হবে। এসব কলেজ বহু আগে থেকেই দাবি জানিয়ে আসছে। ওই কর্মকর্তা বলেন, জগন্নাথ কলেজকে বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণা ছিল সাবেক সরকারের পলিটিক্যাল ঘোষণা। জাতীয় নির্বাচনের কিছুদিন আগে এ ঘোষণা দেবার মধ্যে বিশেষ উদ্দেশ্য ছিল।